# 7449 - যে ব্যক্তি রোযা রাখেনি তার কী করণীয়

## প্রশ্ন

আমি একজন যুবতী। আমার বয়স ২৫ বছর। ছোটবেলা থেকে ২১ বছর বয়স পর্যন্ত আমি রোযা রাখিনি। আমি অলসতা করে রোযা রাখিনি। আমার পিতা আমাকে উপদেশ দিয়ে যাচ্ছেন। কিন্তু আমি পাত্তা দিইনি। আমার উপর কী করা আবশ্যকীয়? উল্লেখ্য, আল্লাহ্ আমাকে হেদায়েত দিয়েছেন। আমি এখন রোযা রাখি এবং পূর্বের গুনাহর ব্যাপারে অনুতপ্ত।

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

তাওবা পূর্বে কৃত সব গুনাহকে ধ্বংস করে দেয়। আপনার উপর আবশ্যক হচ্ছে অনুশোচনা করা, গুনাহ ত্যাগ করার দৃঢ় সংকল্প করা, ইবাদতে একনিষ্ঠ হওয়া, দিবারাত্রি বিশেষ বিশেষ নফল ইবাদত করা, নফল রোযা রাখা, যিকির করা, কুরআন তেলাওয়াত করা ও দোয়া করা। আল্লাহ্ তাআলা বান্দাদের তাওবা কবুল করেন এবং অনেক পাপ ক্ষমা করে দেন।